বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (ফেব্রুয়ারী ২০২২) বিবৃতি

ফেব্রুয়ারী মাসের ২১ তারিখ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং মহান শহীদ দিবস। আমি প্রথমেই শ্রদ্ধার সাথে স্মরণ করছি যারা বাংলা ভাষার জন্য জীবন দিয়েছেন। আমরা পূর্বের ন্যায় ফুটবলের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করছি। এরই ধারাবাহিকতায় ঘরোয়া ফুটবলের প্রধান দু'টি আসর 'টিভিএস বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২' এবং 'বসুন্ধরা গ্রুপ বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' এর খেলা আমরা শুরু করেছি।

বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২ঃ
৩রা ফেব্রুয়ারী ২০২২ তারিখ থেকে শুরু হয়েছে 'টিভিএস বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২'। উক্ত লীগে ১২ টি ফুটবল দল অংশগ্রহণ করছে। হোম এন্ড এ্যাওয়ে ভিত্তিতে ৬টি স্টেডিয়ামে অনুষ্ঠিত হচ্ছে এবারের বিপিএল। প্রতিটি ভেন্যু ২টি করে দল হোম ভেন্যু হিসেবে ব্যবহার করার সুযোগ পাচ্ছে।

বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২ঃ
১৫ই জানুয়ারী ২০২২ হতে ১৫ই ফেব্রুয়ারী ২০২২ তারিখ পর্যন্ত দীর্ঘ ১ (এক) মাস খেলোয়াড় নিবন্ধন শেষে দ্বিতীয় স্তরের ১২ টি দল নিয়ে গত ২০ ফেব্রুয়ারী ২০২২ তারিখ থেকে শুরু হয়েছে 'বসুন্ধরা গ্রুপ বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২'।

'বাফুফে-এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স, মডিউল-৩ঃ
এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) এর তত্বাবধানে এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায় চলমান 'বাফুফে-এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স'টি সর্বমোট ৫ (পাঁচ) টি মডিউলের মাধ্যমে সম্পন্ন হবে। এরই ধারাবাহিকতায় গত ২৯ জানুয়ারী ২০২২ তারিখ শুরু হয়ে ২ ফেব্রুয়ারী ২০২২ তারিখ কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে প্র্যাকটিক্যাল পরীক্ষার মাধ্যমে 'বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স, মডিউল-৩' সম্পন্ন করা হয়েছে।

বাফুফে এএফসি 'এ' ডিপ্লোমা মেন্টরিং প্রোগ্রামঃ
বাংলাদেশে ফুটবলের উন্নয়নের লক্ষ্যে বাফুফে নতুন নতুন কোচ তৈরির প্রতি প্রতিশ্রুতবদ্ধ। সেই লক্ষ্যে এবং সংশ্লিষ্ট কোচিং কনভেনশনের অংশ হিসেবে, বাফুফে এএফসি 'এ' ডিপ্লোমা কোর্স শুরু করে। এই প্রোগ্রামটি ২০২২ সালের জন্য বলবৎ থাকবে এবং অংশগ্রহণকারীদের অগ্রগতির উপর নির্ভর করে বছর শেষে স্নাতক সার্টিফিকেট অর্জন করবে। এই প্রোগ্রামে রিসার্চ, ডিস্ট্যান্ট লার্নিং এবং পরীক্ষামূলক কাজগুলোর সাথে ব্যবহারিক কোচিং ডেলিভারি এবং রিফ্লেক্টিং অনুশীলন থাকবে।

বাফুফে-এএফসি লেভেল-১ ও লেভেল-২ গোলকিপিং কোর্স ঃ
এএফসি এর এলিট গোলকিপিং ইন্সট্রাক্টর Mr. Dean May এর তত্ত্বাবধানে বাফুফে এএফসি লেভেল-১ ও লেভেল-২ গোলকিপিং কোর্স এর ব্যবহারিক প্রশিক্ষণ আয়োজন করে। Mr. Dean May গোলকিপিং কোচদের উন্নয়নে অগ্রনী ভুমিকা পালন করতে আগ্রহী। বাংলাদেশের স্থানীয় এবং ভারতের বেশ কিছু প্রশিক্ষনার্থী লেভেল ১ এবং লেভেল ২ কোর্সে অংশগ্রহণ করে। এটি ফেডারেশনের জন্যও একটি গুরুত্বপূর্ণ উপলক্ষ্য, কারণ এএফসি কোচিং কনভেনশনের অধীনে গোলকিপিংয়ের জন্য ফেডারেশন'কে বি ডিপ্লোমা সার্টিফিকেট কোর্স করানোর অনুমতি প্রদান করা হয়েছে। এএফসি কোচিং কনভেনশন হলো একটি নতুন উদ্যোগ যা ফেডারেশনের কোচিং এডুকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট এর উন্নয়নে অবদান রাখবে।

বাংলাদেশ সেনা বাহিনী কর্তৃক সংবর্ধনা প্রদানঃ
বাংলাদেশ অ-১৯ মহিলা জাতীয় ফুটবল দল দেশের মাটিতে "সাফ অ ১৯ ওমেন্স চ্যাম্পিয়নশীপ ২০২১" এ চ্যাম্পিয়ন হয়েছে এবং একটি সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশ সেনা বাহিনী কর্তৃক তাদেরকে সম্মানীত করা হয়েছে। উক্ত সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের জন্য বাংলাদেশ সেনাবাহিনী প্রধান **জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ**, ওএসপি, এনডিইউ, পিএসসিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আমাদের সাফল্যসমূহ আমাদেরকে আরও কাজ করতে অনুপ্রানিত করে।

সাফ অ-১৮ মহিলা চ্যাম্পিয়নশীপ ২০২২ঃ
"সাফ অ-১৮ **মহিলা** চ্যাম্পিয়নশীপ ২০২২" এর প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে বাফুফের আবাসিক ক্যাম্পে অবস্থানরত বাংলাদশ অ-১৮ মহিলা ফুটবল দলের খেলোয়াড়দের সাথে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) মহিলা ফুটবল দলের মধ্যে দু'টি প্রস্তুতিমূলক ম্যাচ অনুষ্ঠিত হয়। আমি বাংলাদশ অ-১৮ মহিলা ফুটবল দলের আসন্ন "সাফ অ-১৮ চ্যাম্পিয়নশীপ ২০২২" এ সফলতা কামনা করছি।

Laws of the Game 2021-22 এর সর্বশেষ সংশোধনী সম্পর্কে ক্লাবভিত্তিক সেমিনার ঃ
বাফুফে রেফারীজ ডিপার্টমেন্টের তত্ত্বাবধানে Laws of the Game 2021-22 এর সর্বশেষ সংশোধনী ও গুরুত্বপূর্ণ আইনসমূহ সম্পর্কে 'টিভিএস বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২' এবং 'বসুন্ধরা গ্রুপ বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' এ অংশগ্রহনকারী সকল ক্লাবসমূহের কোচিং স্টাফ ও সকল খেলোয়াড়কে ক্লাবভিত্তিক সেশন আয়োজনের মাধ্যমে বিস্তারিত অবহিত করা হয়।

আন্তর্জাতিকমানের একটি ফুটবল স্টেডিয়ামের জন্য স্থান নির্ধারণঃ
পূর্বাচলে একটি আন্তর্জাতিকমানের ফুটবল স্টেডিয়ামের স্থান নির্ধারনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে মাননীয় গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মানীত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানীত সচিব মহোদয়ের সাথে একটি সফল আলোচনা অনুষ্ঠিত হয়। আশা করি আমরা খুব শীঘ্রই স্টেডিয়ামের তৈরীর জন্য জায়গা বরাদ্দ পাবো।

মরহুম মোনেম মুন্নার মৃত্যু বার্ষিকী পালনঃ
১২ই ফেব্রুয়ারী ২০২২ তারিখ সাবেক জাতীয় ফুটবল খেলোয়াড় মরহুম মোনেম মুন্নার ১৭তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে মতিঝিলস্থ বাফুফে ভবনে কোরআন খতম করানো হয় এবং বাদ আসর বাফুফে ভবন সংলগ্ন ঝিলপাড় জামে মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

টিকাদান কর্মসূচিঃ
বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল ও বয়স ভিত্তিক মহিলা ফুটবল দলের ৫৮ জন মহিলা খেলোয়াড় কোভিড-১৯ ভ্যাক্সিনের ১ম ডোজ গ্রহণ করেছে। এর মধ্যে ৪৭ জন খেলোয়াড় কুর্মিটোলা ৫০০ বেড জেনারেল হাসপাতালে এবং ১১ জন খেলোয়াড় বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয় হাসপাতাল হতে কোভিড-১৯ ভ্যাক্সিন গ্রহণ করে। এছাড়াও বাফুফে এলিট ফুটবল একাডেমী দলের ২২ জন খেলোয়াড় বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয় হাসপাতাল হতে কোভিড-১৯ ভ্যাক্সিনের ১ম ডোজ গ্রহণ করেছে।

পাইওনিয়ার অ-১৫ ফুটবল লীগ ২০২১-২২ঃ
পাইওনিয়ার অ-১৫ ফুটবল লীগ ২০২১-২২ উপলক্ষে অংশগ্রহণকারী ৬৩টি দলের খেলোয়াড় রেজিস্ট্রেশন ও বয়স নির্ধারনী মেডিক্যাল পরিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমে এখন পর্যন্ত ৪৭ টি দল অংশগ্রহণ করেছে।

************* *************